



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৫৪৩১/ ৬৭৬ /পাবনা-৩৭

তারিখঃ ০৮.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন মুলাডুলি দারুল উলুম আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে জনৈক মাহফুজা খাতুন একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় উক্ত মাদ্রাসার সহকারী মৌলভী শিক্ষক গত ১৮/০১/২০১৬ ইং তারিখে কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করেন। বৈধ ওয়ারিশ হিসেবে সহকারী মৌলভীর স্ত্রীকে তার মৃত স্বামীর কল্যাণ ট্রাস্ট ও অন্যান্য প্রাপ্য টাকা অধ্যক্ষ ও সভাপতি পরিশোধ না করার পায়তারা করছেন মর্মে অভিযোগে উল্লেখ করছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক.....১..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরদী, পাবনা



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১২৫৫৪৩১/

/পাবনা-৩৭

তারিখঃ ০৮.২০১৯খ্রিঃ

সদয় অবশ্রুতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, পাবনা।
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরদী, পাবনা।
৪. সুপার, মুলাডুলি দারুল উলুম আলিম মাদ্রাসা, ঈশ্বরদী, পাবনা।
৫. সভাপতি, মুলাডুলি দারুল উলুম আলিম মাদ্রাসা, ঈশ্বরদী, পাবনা।
৬. মাহফুজা খাতুন, গ্রাম: লক্ষ্মীপুর, পো: লক্ষ্মীপুর বাজার, উপজেলা: আটঘরিয়া, জেলা: পাবনা।
৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)
৮. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,  
চেয়ারম্যান,  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড  
বকশি বাজার, ঢাকা।

বিষয় : মাদরাসার সুপার ও সভাপতির বিরুদ্ধে মৃত স্বামীর সরকারী আর্থিক সুবিধাদি প্রদানের ব্যবস্থা না করার জন্য অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোসাঃ মাহফুজা খাতুন, আমার স্বামী মুলাডুলি দারুল উলুম সিনিয়র মাদরাসা, ইশ্বরদী, পাবনা এর একজন সহকারী মৌলভী শিক্ষক ছিলেন, যার ইনডেন্স নং- ৩৯৬৭২২। গত ১৯/০৩/১৯৯৪ইং তারিখ হইতে যোগদান করিয়া ১৭/০১/২০১৬ইং তারিখ পর্যন্ত অত্র মাদরাসায় সহকারী মৌলভী শিক্ষক হিসাবে কর্মরত ছিলেন এবং ১৮/০১/২০১৬ইং তারিখে কর্মরত অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুর সময় ওয়ারিশ হিসাবে তিনি স্ত্রী, এক মেয়ে ও দুই নাবালক ছেলে রাখিয়া যান। এমতাবস্থায় আমি উক্ত শিক্ষকের স্ত্রী আমার স্বামীর বৈধ ওয়ারিশ হিসাবে মাদরাসা সুপারের নিকট কল্যাণ ট্রাস্ট ও অন্যান্য প্রাপ্য টাকা উত্তোলনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করলে তিনি অনীহা প্রকাশ করেন। এ ব্যাপারে মাদরাসার সভাপতিকে জানালে তিনি সুপারকে কল্যাণ ট্রাস্ট ও অন্যান্য প্রাপ্য টাকা যাতে আমি না পাই সেজন্য নিষেধ করেন। এমতাবস্থায় কল্যাণ ট্রাস্ট ও অন্যান্য প্রাপ্য টাকা পাওয়ার জন্য আপনার দ্বারস্থ হলাম।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন, সরেজমিনে তদন্ত পূর্বক আমার স্বামীর প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ সহ আর্থিক সকল সুবিধাদি যেন পাইতে পারি তাহার সুব্যবস্থা গ্রহণ করতে আপনার একান্ত মর্জি হয়।

তারিখ : ২৯/০৪/২০১৯ইং

নিবেদক

মোসাঃ মাহফুজা খাতুন

সংযুক্তি :

- ১। নিয়োগ পত্রের ফটোকপি।
- ২। যোগদান পত্রের ফটোকপি।
- ৩। মৃত্যু সনদ।
- ৪। এমপিও সীটের ফটোকপি।
- ৫। আবেদনকারীর ছবি ও ভোটার আইডি কার্ডের ফটোকপি।

(মোসাঃ মাহফুজা খাতুন)

পিতা- মোঃ গোলাম মোস্তফা

সাং- গ্রাম- লক্ষীপুর, ডাকঘর- লক্ষীপুর বাজার

উপজেলা- আটঘরিয়া, জেলা- পাবনা।

মোবাইল : ০১৭২৪৬৮৬৩৫৭